গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : ফেব্রুয়ারি ২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী।
সভাপতি : জনাব মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
সভার স্থান : সম্মেলনকক্ষ,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
সভার তারিখ : ২৬ ফেব্রুয়ারি, ২০২৩। সময়: দুপুর ০২.০০ টা।
বিবেচ্য মাস : জানুয়ারি,২০২৩

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই ভাষা শহীদদের পবিত্র আত্মার প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন এবং অমর একুশের চেতনাকে ভবিষ্যতের দিকে এগিয়ে নেয়ার দৃঢ় অভিপ্রায় ব্যক্ত করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম গত ২২/০১/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন করেন। মাঠ পর্যায়ে রাজস্ব প্রশাসনের সকল প্রতিবন্ধকতা দূর করে আধুনিক ভূমি সেবা নিশ্চিত করার লক্ষ্যে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। উপস্থাপিত জানুয়ারি ২০২৩ মাস এর কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও এজেন্ডাভিত্তিক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

১। রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:

সভায় এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম রাজস্ব সংস্থাপন সংক্রান্ত তথ্য সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | - | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী | ১ | - | ১ | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | - | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৪ | ৩ | ১১ | ড্রাফটস্ম্যান,সার্ভেয়ার ও অফিস সহকারী পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১১ | - | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ১ | - | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ১ | ১ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ২ | ৬ | অফিস সহকারী ও সার্ভেয়ার এর পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৬ | ৩ | ফুলবাড়ী,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ০ | ৯ | রাজারহাট,উলিপুর,চিলমারী ও চর রাজিবপুর উপজেলায় সার্ভেয়ার পদ শূন্য |
| | সার্ভেয়ার | ৯ | ৫ | ৪ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা | ৭৪ | ৪৬ | ২৮ | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা | ৭৪ | ৫২ | ২২ | |
| | ৩য় শ্রেণি | ৬৩ | ৩৪ | ২৯ | প্রধান সহকারী কাম হিসাব রক্ষক/অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১৯৩ | ১৪২ | ৫১ | প্রসেস সার্ভার,অফিস সহায়ক ও চেইনম্যান পদ শূন্য |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম জানান ৩য় শ্রেণির ৪০ (চল্লিশ)টি নিয়োগের নতুন করে ছাড়পত্র প্রদানের জন্য এ কার্যালয়ের ৩১ জুলাই ২০২২ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১. ১২৩.১৯.৭৫২ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। ভূমি মন্ত্রণালয়ের ১২/১২/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৭৯ ১২.৫৩৫ নম্বর স্মারকে ৩ জন কর্মচারীর অফিস সহকারী পদে পদোন্নতির বিষয়ে মতামতসহ প্রতিবেদন এ কার্যালয়ের ০৯/০১/২০২৩ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১ ১২৩.১৯.৮১ নম্বর স্মারকে প্রেরণ করা হয়েছে। অফিস সহায়ক/সমপর্যায়ের ২৮ (আটাশ) টি শূন্য পদের জন্য ভূমি মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখের ৩১.০০.০০০০.০৪৬. ১১.০৭৯.১২.৪৫৩ নম্বর স্মারকে ছাড়পত্র প্রদান করেছেন। | রাজস্ব শাখাসহ মাঠপর্যায়ের ভূমি অফিসসমূহে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে এবং রাজস্ব আদায়ের স্বার্থে ৩য় শ্রেণীর ৪০ (চল্লিশ)টি পদের নিয়োগের ছাড়পত্র প্রাপ্তির জন্য ভূমি মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং চাহিত মতামত দ্রুত প্রেরণ করতে হবে। ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অফিস সহায়ক/সমপর্যায়ের ২৮ (আটাশ) টি শূন্য পদের জন্য নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ভবিষ্যতে কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলী অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম ও রেভিনিউ ডেপুটি কালেক্টর,কুড়িগ্রাম। |

২। শৃঙ্খলা ও বিভাগীয় মামলা **সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান,বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ২/১৯,৪/২২ ও ৫/২২ নম্বরসহ মোট ০৩ (তিন) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে আরও তৎপর হওয়ার জন্য কর্মকর্তা/কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: জানুয়ারি,২০২৩

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ হারুন অর রশীদ ইউঃ ভূমি উপ-সহঃ কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, যাত্রাপুর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ০২/১৯ ১৭/০৯/১৯ | স্মারক নং-৩৩১ ০৩/০৬/২০২০ | জনাব তানজিলা তাসনিম সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | আদেশ এর জন্য নথি উপস্থাপন করা হয়েছে। |
| ২ | মোঃ রাকিবুল ইসলাম অফিস সহায়ক | ইউনিয়ন ভূমি অফিস, থেতরাই, উলিপুর, কুড়িগ্রাম | ০৪/২০২২ | স্মারক নং-১২২৯(৭) ৩০/১১/২০২২ | জনাব বিমল চাকমা সিনিয়র সহকারী কমিশনার কুড়িগ্রাম কালেক্টরেট | তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। |
| ৩ | মোঃ হারুন অর রশীদ ইউঃ ভূমি উপ-সহ: কর্মকর্তা | ইউনিয়ন ভূমি অফিস, দলদলিয়া, উলিপুর, কুড়িগ্রাম | ০৫/২০২২ | - | - | অভিযোগনামা ও অভিযোগবিবরণীর প্রেক্ষিতে কারণ দর্শানোর জবাব নথিতে উপস্থাপন করা হয়েছে। ব্যক্তিগত শুনানীর জন্য দিন ধার্য আছে। |

**৩। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। প্রমাপ অনুযায়ী মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক প্রতিমাসে পুঙ্খানুপুঙ্খভাবে পরিদর্শন/দর্শন নিশ্চিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পরিদর্শন বিষয়টি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অন্তর্ভুক্ত। প্রমাপ অর্জনকারী কর্মকর্তাগণকে ধন্যবাদ জানানো হলো। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে আগামীতে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করাহয়। সভায় মাঠ পর্যায়ের উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন করা এবং পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসহ এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখার জন্য অনুরোধ করা হয়। নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/পরিদর্শন করে পরিদর্শনকৃত অফিসের সার্বিক কর্মকান্ড তুলে ধরে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে সতর্ক থাকতে হবে।<br>২। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখতে হবে।<br>৩। কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪। পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শন এর সময় সকল বিষয় পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

## ৪। উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত: জানুয়ারি,২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| প্রমাপ অনুযায়ী মন্ত্রণালয় নির্দেশিত ছক মোতাবেক প্রতিমাসে পুঙ্খানুপুঙ্খভাবে পরিদর্শন/দর্শন নিশ্চিতকরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানুয়ারি ২০২৩ মাসে উপজেলা রাজস্ব সভার পরিসংখ্যান সভায় উপস্থাপন করেন। জানুয়ারি,২০২৩ মাসের সকল উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া গেছে। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে সকল উপজেলায় উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার(ভূমি) (সকল), কুড়িগ্রামকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১. ৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br><br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: জানুয়ারি ২০২৩

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৫/০১/২০২৩ | ৩১.০২.৪৯৫২.০০০.০১.০৩০.৩০.২০.১৪৯(১২)<br>তারিখ: ০৫/০২/২০২৩ | ০৭/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ২ | নাগেশ্বরী | ২৯/০১/২০২৩ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২২.১৮১<br>তারিখ: ০৮/০২/২০২৩ | ১২/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | ২৩/০১/২০২৩ | ৩১.০২.৪৯০৬.০০০.০৫.০২৩.২০.৫৭(১২)<br>তারিখ: ২৩/০১/২০২৩ | ২২/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৪ | ফুলবাড়ী | ১৪/০২/২০২৩ | ৩১.০২.৪৯১৮.০০০.০১.০৫০.২০.১১০(১২)<br>তারিখ: ১৯/০২/২০২৩ | ১৯/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৫ | রাজারহাট | ২৫/০১/২০২৩ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০০৪.২০.৭৭(১৮)<br>তারিখ: ২০/০২/২০২৩ | ২২/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৬ | উলিপুর | ২৬/০১/২০২৩ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২০.৫৮(৩০)<br>তারিখ: ২৬/০১/২০২৩ | ২০/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৭ | চিলমারী | ২৩/০১/২০২৩ | ৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.২২.৯৬(৯)<br>তারিখ: ১২/০২/২০২৩ | ১৫/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৮ | রৌমারী | ১৫/০২/২০২৩ | ৩১.০২.৪৯৭৯.০০১.০২.০১০.২০.৭২(৯)<br>তারিখ: ১৫/০২/২০২৩ | ২০/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৯ | চর রাজিবপুর | ২৫/০১/২০২৩ | ৩১.০২.৪৯০৮.০২৪.৪৬.০০৬.১৮.২৮<br>তারিখ: ২৫/০১/২০২৩ | ২০/০২/২০২৩ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |

## ৫। উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা ভূমি অফিস,পৌর ও ইউনিয়ন ভূমি অফিস পুন: নির্মাণ/মেরামত/সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান চলতি ২০২২-২৩ অর্থবছরে ০৪(চার)টি উপজেলা ভূমি অফিস এবং ১৭ (সতের)টি ইউনিয়ন ভূমি অফিস মোট ২১ (একুশ) টি অফিসের মেরামত ও সংস্কারের জন্য সর্বমোট =৫৫.০০.০০০/-(পঞ্চান্ন লক্ষ টাকা) বরাদ্দ প্রদানের প্রস্তাব এ কার্যালয়ের ২০ জুলাই ২০২২ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮.৭২৮ নম্বর স্মারকে ভূমি মন্ত্রণালয়ে চাহিদা প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৩৮.২০.০০৬.২২.৬৭ নম্বর স্মারকে =৫১,৪৪,৮৩২/- (একান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত বত্রিশ) টাকা বরাদ্দ পাওয়া গেছে।<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় আরো অবহিত করেন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন ১৯ (উনিশ) টি ইউনিয়ন ইউনিয়ন ভূমি অফিস হস্তান্তর করা হয়েছে। তন্মধ্যে রাজারহাট উপজেলাধীন উমরমজিদ ইউনিয়ন ভূমি অফিসের মাটি ভরাট এর কাজ এবং সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অভ্যন্তরিন ড্রেন নির্মাণের কাজ অসম্পন্ন রয়েছে।। | ১। প্রাপ্ত বরাদ্দ দ্বারা পুন: নির্মাণ/মেরামত/ সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। নির্মিত/নির্মাণাধীন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজে ত্রুটি থাকলে তা সংশোধন করতে হবে। | ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম।<br>২। সংশ্লিষ্ট সকল। |

## ৬। নামজারি মোকদ্দমা সংক্রান্ত: জানুয়ারি,২০২৩

**আলোচনা**

**নামজারি ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ৩২৮ | ৭৬৭ | ১০৯৫ | ৬৫৭ | ৪৩৮ |
| নাগেশ্বরী | ৬৩৮ | ৬৮৬ | ১৩২৪ | ১০৭০ | ২৫৪ |
| ভূরুঙ্গামারী | ২২২ | ১৫৫ | ৩৭৭ | ১২৭ | ২৫০ |
| ফুলবাড়ী | ১৪১ | ১৫৪ | ২৯৫ | ১৭২ | ১২৩ |
| রাজারহাট | ৪৬৬ | ১৪৪ | ৬১০ | ৪৯৪ | ১১৬ |
| উলিপুর | ১০৫৫ | ৪২০ | ১৪৭৫ | ৭৩০ | ৭৪৫ |
| চিলমারী | ২৪২ | ২৩৫ | ৪৭৭ | ২২২ | ২৫৫ |
| রৌমারী | ৫৬৭ | ৫০১ | ১০৬৮ | ৭০১ | ৩৬৭ |
| চর রাজিবপুর | ৭৬৩ | ১২৫ | ৮৮৮ | ৪৩৩ | ৪৫৫ |
| সর্বমোট= | ৪৪২২ | ৩১৮৭ | ৭৬০৯ | ৪৬০৬ | ৩০০৩ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথিজাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| উলিপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ০০ | - | ০০ | ০০ | ২৫ |
| চররাজিবপুর | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ০০ | - | ০০ | ০০ | ০০ |

সভায় নামজারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত চিত্র অনুযায়ী জানুয়ারি ২০২৩ মাসে এ জেলায় ১ম খন্ডে ৩০০৩ টি এবং ২য় খন্ডে কোন অনিষ্পন্ন মামলা নেই। জনস্বার্থে অনিষ্পন্ন মামলাগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে নিষ্পত্তির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ৬০ দিনের উর্ধ্বে নামজারি মামলাগুলো যার যার কাছে পেন্ডিং আছে তাদের কাছে ব্যাখ্যা চাওয়ার জন্য পত্র প্রেরণ করতে হবে। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: আবেদনের ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হলো। নামজারি মামলাগুলোর প্রস্তাব যথাযথভাবে না দেখে অহেতুক প্রত্যাখান করে যাতে জনগণ হয়রানীর স্বীকার না হয় সেজন্য তা যাচাই বাছাই করে নিষ্পত্তি করতে হবে।

**সিদ্ধান্ত**

১। নামজারি মামলাগুলোর প্রস্তাব অহেতুক প্রত্যাখান না করে তা যাচাই বাছাই করে নিষ্পত্তি করতে হবে।

২। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩। ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন ই নামজারি মামলা দ্রুত নিষ্পন্ন করতে হবে।

৪। ৬০ দিনের উর্ধ্বে নামজারি মামলাগুলো যার যার কাছে পেন্ডিং আছে তাদের কাছে ব্যাখ্যা চাওয়ার জন্য পত্র প্রেরণ করতে হবে।

৫। নামজারি প্রাপ্তিতে জনগণের হয়রানিবিহীন সেবা নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন**

(১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।

৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (ক)। ২০২২-২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): জানুয়ারি ২০২২**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে ২০২২-২০২৩ অর্থবছরে জানুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জানুয়ারি/২০২৩ | ৮০৭১৫৬৮ | ৮৭৬৫৭১ | ৪৪০৮৪৭১ | ৫৪.৬২% |
| | জানুয়ারি/২০২২ | ৭২৬৮৭৪৭ | ৬৩২৪৬১ | ৩৫৩৫১২৪ | ৪৮.৬৩% |
| নাগেশ্বরী | জানুয়ারি/২০২৩ | ৪৭৮৫৮১৬ | ৬৩৩১১২ | ৩১০৯৩১৫ | ৬৪.৯৭% |
| | জানুয়ারি/২০২২ | ৪৩৯২৮৫৯ | ৫২৯৫৩৯ | ২৬৫৭৯২৩ | ৬০.৫১% |
| ভূরুঙ্গামারী | জানুয়ারি/২০২৩ | ৩৯৩৯৬৮৭ | ৪২৪২৩৩ | ১৮৬০৫৭০ | ৪৭.২৬% |
| | জানুয়ারি/২০২২ | ৩২৯৪৭৫৩ | ২৭৮৯৭১ | ১৪৮৩৬৮০ | ৪৫.০৩% |
| ফুলবাড়ী | জানুয়ারি/২০২৩ | ২৮১৩৫৯৬ | ৩২৮২৬৬ | ১৮৯৪৪০৭ | ৬৭.□৩% |
| | জানুয়ারি/২০২২ | ২৫৭০১৭৫ | ২৩৯০০৯ | ১৫৪২৪১৯ | ৬০.০১% |
| রাজারহাট | জানুয়ারি/২০২৩ | ৪৩৪৬০৭৬ | ৪৭৮৭১২ | ৩৫২৩৭৫১ | ৮১.০৮% |
| | জানুয়ারি/২০২২ | ৩৫৯০৯০৬ | ৫৯৯১৫১ | ২৮১৪৩২৫ | ৭৮.৩৭% |
| উলিপুর | জানুয়ারি/২০২৩ | ৮৩৩১৭৪০ | ১২৮৩৫৯৬ | ৬৫৮৮৪১৫ | ৭৯.০৭% |
| | জানুয়ারি/২০২২ | ৬৬৩১৮৩৫ | ৬৯১৬০৮ | ৪৬৮৮৪৭০ | ৭০.৭০% |
| চিলমারী | জানুয়ারি/২০২৩ | ১৪৩৬৭৭৫৩ | ৫৮৩১৪১ | ২৮৪৮১২২ | ১৯.৮২% |
| | জানুয়ারি/২০২২ | ১৮৮৯৫২৬ | ২০১৪৮৪ | ১৫৪১৮৮০ | ৮১.৬০% |
| রৌমারী | জানুয়ারি/২০২৩ | ৫৯৮২২২১ | ৭০৬১৭০ | ৪৪০৩১২৩ | ৭৩.৬০% |
| | জানুয়ারি/২০২২ | ৬৬৩৫১০৪ | ৬৭৬০৫৩ | ৪৪৪৯২৫১ | ৬৭.০৬% |
| চর রাজিবপুর | জানুয়ারি/২০২৩ | ১৯৫০৫৭৫ | ১৯৭৪৮৬ | ১২৯১৭৩২ | ৬৬.২২% |
| | জানুয়ারি/□০২২ | ১৮৭৭২৮৩ | ১৫৫০১৫ | ১৭৩০৪২৬ | ৯২.১৮% |
| সর্বমোট | জানুয়ারি/২০২৩ | ৫৪৫৮৯০৩২ | ৫৫১১২৮৭ | ২৯৯২৭৯০৬ | ৫৪.৮২% |
| | জানুয়ারি/২০২২ | ৩৮১৫১১৮৮ | ৪০০৩২৯১ | ২৪৪৪৩৪৯৮ | ৬৪.০৭% |

২০২২-২৩ অর্থবছরের অনলাইনে ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির ফেব্রুয়ারি ২০২৩ মাসের মধ্যে ৭০% আদায় নিশ্চিতকল্পে কার্যক্রম গ্রহণ এবং সাধারণ এর দাবি শতভাগ আদায়ের নিমিত্ত কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। অনুমোদন সতর্কতার সাথে দিতে এবং হোল্ডিং এর দাবি সঠিক কিনা যাচাই করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। হোল্ডিং এন্ট্রি টার্গেট অনুযায়ী কার্যক্রম গ্রহণকরত: গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়।

**সিদ্ধান্ত**

১। ২০২২-২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির ফেব্রুয়ারি ২০২৩ মাসের মধ্যে ৭০% আদায় নিশ্চিতকল্পে কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। ২০২২-২৩ অর্থ বছরে ভূমি উন্নয়ন করের সাধারণ এর দাবির শতভাগ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। হোল্ডিং এন্ট্রি টার্গেট অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৪। হোল্ডিং এন্ট্রির রেকর্ড ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক বাঁধাই করে প্রয়োজনে কালেক্টরেটের লাইব্রেরি বা উপজেলা ভূমি অফিসে বা রেকর্ডরুমে রাখতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

**৭ (খ)। ২০২২-২৩ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): জানুয়ারি ২০২৩**

**আলোচনা**

২০২২-২০২৩ অর্থবছরে জানুয়ারি/২৩ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জানুয়ারি/২০২৩ | ৩৪৪৬১১০ | ৬৬২৬৫৮ | ৬৬২৬৫৮ | ১৯.২৩% |
| | জানুয়ারি/২০২২ | ৪১৬৪৯২৩ | ৯৪৪০ | ৬৮৫৩২ | ০১.৬৫% |
| নাগেশ্বরী | জানুয়ারি/২০২৩ | ৫৭৭৯০৭ | ১৪১৫ | ৮৫৬৩ | ০১.৪৮% |
| | জানুয়ারি/২০২২ | ৭১০৯৮৬ | ২□০০ | ৮৫৪৭৫ | ১২.০২% |
| ভূরুঙ্গামারী | জানুয়ারি/২০২৩ | ৩৪২১২২ | ০০ | ১০৪১২ | ০৩.০৪% |
| | জানুয়ারি/২০২২ | ৩৫২৩২৭ | ৩০৮১২০ | ৩০৮১২০ | ৮৭.৪৫% |
| ফুলবাড়ী | জানুয়ারি/২০২৩ | ২০৭৪৯□ | ১৬৮০ | ১৬৮০ | ০০.৮১% |
| | জানুয়ারি/২০২২ | ২০০০৮□ | ০০ | ১৮০০০ | ০৮.৯৯% |
| রাজারহাট | জানুয়ারি/২০২৩ | ১১৪৮৩১৬ | ১০০০ | ৩৮৩৮৮৬ | ৩৩.৪৩% |
| | জানুয়ারি/□০২২ | ৯৩২৪৮৬ | ৭৮০০ | ১৬৬৩৬ | ০১.৭৮% |
| উলিপুর | জানুয়ারি/২০২৩ | ৫০৭২২৯৫ | ১৫৮০ | ১৫৮০ | ০০.০৩% |
| | জানুয়ারি/২০২২ | ৫৬৮০৫৫৭ | ০০ | ৯৫৪৫ | ০০.০২% |
| চিলমারী | জানুয়ারি/২০২৩ | ৮৫৩১৮০ | ১৭৯৫৬০ | ১৭৯৫৬০ | ২১.০৫% |
| | জানুয়ারি/২০২২ | ৬৭০৭২৬ | ০০ | ০০ | ০০.০০% |
| রৌমারী | জানুয়ারি/২০২৩ | ২৩১০৪৬ | ০০ | ০০ | ০০.০০% |
| | জানুয়ারি/□০২২ | ২২০০৩০ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | জানুয়ারি/২০২৩ | ১৮৪৭০৫ | ০০ | ২৭০৩ | ০১.৪৬% |
| | জানুয়ারি/২০২২ | ১৪৩৯৭৬ | ০০ | ০০ | ০০.০০% |
| সর্বমোট= | জানুয়ারি/২০২৩ | ১২০৬৩১৭৭ | ৮৪৭৮৯৩ | ১২৫১০৪২ | ১০.৩৭% |
| | জানুয়ারি/২০২২ | ১৩০৭৬০৯৬ | ৩২৭৩৬০ | ৫০৬৩০৮ | ০৩.৮৭% |

২০২২-২০২৩ অর্থবছরের সংস্থার দাবি সংস্থার দাবি আদায়ের জোর প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা প্রদান করা হলো। উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থার প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রদান করে অনুলিপি এ অফিসে দ্রুত এ কার্যালয়ে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। যাতে সংশ্লিষ্ট সংস্থার প্রধানগণ বছরের প্রথমেই বাজেট মঞ্জুরির জন্য স্ব-স্ব মন্ত্রণালয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা পত্র দিয়ে ভূমি উন্নয়ন কর পরিশোধে সক্ষম হয়।

**সিদ্ধান্ত**

১। ২০২২-২৩ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থার উপজেলা প্রতিনিধি/জেলা কর্তৃপক্ষ/ বিভাগীয় কার্যালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে।

২। ভূমি উন্নয়ন করের সংস্থার আদায় বৃদ্ধি করতে হবে।

৩। ২০২১-২০২২ অর্থবছরে আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের প্রত্যয়নসহ অনলাইন যাচাই প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম।

(২-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

## ৮। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে লিজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল দাবি আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরে অর্পিত সম্পত্তির দাবির পরিমাণ =২৮,৫৬,৭৫৪/- টাকা। জানুয়ারি ২০২৩ মাসে আদায় =৪২,২৫৬/- এবং পুঞ্জিভূত আদায় =১,১৯,৪৪৭/- টাকা,আদায় হার =৪.১৮%। ২০২২-২০২৩ অর্থবছরের অর্পিত সম্পত্তির লিজমানি আদায় অব্যাহত রাখার কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। লিজ বহির্ভূত কোন অর্পিত সম্পত্তি থাকলে তার তালিকা প্রণয়ন করতে এবং উক্ত সম্পত্তিতে কোন অবৈধ দখলদার থাকলে উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে সভায় অনুরাধ করা হয়। জেলা ও উপজেলা হতে লিজমানি আদায় করতে নির্দেশনা প্রদান করা হয়। কোন কর্মচারী/কর্মকর্তার দায়িত্ব অবহেলার কারণে বকেয়া অর্থ আদায় না হলে বা দাবি তামাদি হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অর্পিত সম্পত্তির প্রত্যর্পণ আইন, ২০০১ এর ডাটাবেস আগামী রাজস্ব মিটিং এর পূবেই তৈরি করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়। অর্পিত 'খ' তালিকার মালিকানা চিহ্নিত করে সম্পত্তি বিধি মোতাবেক ১ নং খাস খতিয়ানভূক্ত করার নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া জরিপ এর ক্ষেত্রে অর্পিত সম্পত্তি,খাস পুকুর ও সায়রাতভূক্ত পুকুরের তালিকা জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১। ২০২২-২০২৩ অর্থবছরের অর্পিত সম্পত্তির দাবি শতভাগ আদায়ে কার্যক্রম জোরদার কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>২। অনাদায়ি লিজ মোকদ্দমার তালিকা এবং অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইবুন্যালে মামলাভূক্ত লিজ নথির তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। লিজ নবায়নের ক্ষত্রে সংশ্লিষ্ট লিজিগণকে নোটিশ প্রদান ও ৩ (তিন) বছরের উর্ধ্বে নবায়নের ক্ষেত্রে সরেজমিন তদন্ত করতে হবে।<br>৪। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৫। অর্পিত 'খ' তালিকার মালিকানা/ দাবিদারবিহীন সম্পত্তি চিহ্নিত করে বিধি মোতাবেক ১ নং খাস খতিয়ানভূক্ত করতে হবে।<br>৬। জরিপ এর ক্ষেত্রে অর্পিত সম্পত্তি,খাস পুকুর ও সায়রাতভূক্ত পুকুরের তালিকা জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(২-৬)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

### অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: জানুয়ারি ২০২৩

| উপজেলা | 'ক' তালিকা ভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২২-২৩) | | | জানুয়ারি ২০২৩ মাসে আদায় | | | পুঞ্জিভূত আদায় | | | আদায় হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| কুড়িগ্রাম সদর (পৌর বহির্ভূত) | | | ৫৭১২৫ | ১৬০৭০ | ৭৩১৯৫ | ০০ | ০০ | ০০ | ১০৩৫০ | ১৬২০ | ১১৯৭০ | ১৬.৩৫% |
| পৌর এলাকা | | | ১০৪৫২৮৫ | ৫৫৪৪৯৭ | ১৫৯৯৭৮২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০.০০% |
| কুড়িগ্রাম সদর সর্বমোট | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | ১১০২৪১০ | ৫৭০৫৬৭ | ১৬৭২৯৭৭ | ০০ | ০০ | ০০ | ১০৩৫০ | ১৬২০ | ১১৯৭০ | ০০.৭২% |
| নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | ২২১৮৪ | ১১৭৩৮৫ | ১৩৯৫৬৯ | ০০ | ৩২৮৭৬ | ৩২৮৭৬ | ০০ | ৩২৮৭৬ | ৩২৮৭৬ | ২৩.৫৬% |
| ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | ৩৮২৫৩ | ৭৮৫৫ | ৪৬১০৮ | ৬৪০ | ০০ | ৬৪০ | ২৩৬০ | ১৭২০ | ৪০৮০ | ০৮.৮৫% |
| ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | ২৪০৪১ | ৪২৯৭০ | ৬৭০১১ | ৩৭৬০ | ১৬৬০ | ৫৪২০ | ৯৯০০ | ১২২৭০ | ২২১৭০ | ৩৩.০৮% |
| রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | ০০ | ১৪৩৮০ | ১৪৩৮০ | ০০ | ৩৩২০ | ৩৩২০ | ০০ | ১৭৭০০ | ১৭৭০০ | ১১৫.৩৮% |
| উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | ৫০৩৬২ | ৪২৫৫০ | ৯২৯১২ | ০০ | ০০ | ০০ | ২৯৫৮ | ৪৮৭৮ | ৭৮৩৬ | ০৮.৪১% |
| চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | ৮১৬১৭ | ৫৫২৬৮ | ১৩৬৮৮৫ | ০০ | ০০ | ০০ | ১১৭১৫ | ১১১০০ | ২২৮১৫ | ১৬.৬৭% |
| রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | ৪০১৯১২ | ২৮৫০০০ | ৬৮৬৯১২ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০.০০% |
| চর রাজিবপুর | - | - | | | | - | - | - | - | - | - | - |
| সর্বমোট= | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | ১৭২০৭৭৯ | ১১৩৫৯৭৫ | ২৮৫৬৭৫৪ | ৪৪০০ | ৩৭৮৫৬ | ৪২২৫৬ | ৩৭২৮৩ | ৮২১৬৪ | ১১৯৪৪৭ | ০৪.১৮% |

## ৯। পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন কুড়িগ্রাম জেলায় শুধুমাত্র কুড়িগ্রাম সদর উপজেলায় পরিত্যক্ত সম্পত্তি রয়েছে। পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ ২.৯৯২৫ একর এবং বাড়ীর সংখ্যা ১১ টি। বাড়ীগুলো গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম রক্ষণাবেক্ষণ করেন। চলতি ২০২২-২৩ অর্থবছরে পরিত্যক্ত সম্পত্তির দাবি = ১২,২৩,০০১/- টাকা। জানুয়ারি ২০২৩ মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায় =১,৪৮,৭০০/- টাকা। আদায়ের হার =১২.১৬%। | ১। পরিত্যক্ত সম্পত্তির দাবির আদায় বৃদ্ধি করতে হবে।<br>২। পরিত্যক্ত সম্পত্তির কতগুলো কেসের মাধ্যমে কি পরিমাণ সম্পত্তি ইজারা দেওয়া হয়েছে সেই তালিকা প্রস্তুতপূর্বক প্রেরণ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ নির্বাহী প্রক্যাশলী,গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম। |

## ১০। হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়ন** |
|---|---|---|
| সভায় উপস্থাপিত উল্লিখিত ছক পর্যালোচনায় এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৬৭ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১৩৮ টি। সভায় উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৯ টি, ভূরুঙ্গামারী ০১ টি,রাজারহাট ৬ টি, রৌমারী ০৪ এবং চর রাজিবপুর উপজেলায় ৩ টি সহ মোট ২৯ টি হাটের পেরিফেরি হয়নি। উপজেলার সকল হাট বাজারের পেরিফেরি ও বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করে পেরিফেরি হালনাগাদ করার কাজ ত্বরান্বিত করার জন্য এবং যে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদিত হয়নি সে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। কোন হাটবাজার না বসলে তা ক্যালেন্ডার হতে বাদ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। পেরিফেরীর বাহিরে হাটবাজারগুলোর বাণিজ্যিক হারে ভূমি উন্নয়ন কর আদায় করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়। | ১। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক ইজারাবিহীন হাটসমূহের যথাযথভাবে খাস আদায় অব্যাহত রাখা,আদায়কৃত খাস সরকারি কোষাগারে বিধি মোতাবেক জমা প্রদান নিশ্চিত করতে হবে ও যথাসময়ে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। পেরিফেরীর বাহিরে হাটবাজারগুলোর বাণিজ্যিক হারে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে।<br>৩। যে সকল হাট বসে না সেগুলো কেন বসে না তা যাচাইকরত: প্রয়োজনমতে হাট বিলুপ্ত ঘোষণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। যে সকল হাটবাজারের পেরিফেরি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে সেসকল হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং রেজিস্টার-৬ ভূক্ত কোন হাট-বাজারে হাট না বসলে সে সকল হাট বাজার বিলুপ্ত ঘোষণার নিমিত্ত কার্যক্রর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>(৩-৪)। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লিজ সংক্রান্ত তথ্য: জানুয়ারি/২০২২৩

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪২৯) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৭ | - | ১৭ | ৯ | ৯ | ২৮২৬০৫৭৮ | - | - |
| কুড়িগ্রাম পৌরসভা | ০১ | ০১ | - | ০১ | - | - | ১৫৫০০০০ | - | - |
| নাগেশ্বরী | ২৪ | ২৪ | - | ২৩ | ০১ | ০১ | ১০৪৮৫৭০৬ | ৫২৪২৮৫ | ২০৯৭১৪১ |
| নাগেশ্বরী পৌরসভা | ০১ | ০১ | - | ০১ | - | - | ৮৫০৯৮৫৩ | ৪২৫৪৯২ | - |
| ভূরুঙ্গামারী | ২০ | ১৯ | - | ১৮ | ০২ | ০২ | ২৭০২৪৮৭৩ | ১৩৩৫১২৪৪৪ | ৫৪০৪৯৭৫ |
| ফুলবাড়ী | ১৫ | ১৫ | - | ১৪ | ০১ | ০১ | ১২৩৬২৫৩৩ | ৬১৮১২৬ | ২৪৭২৫০৭ |
| রাজারহাট | ১৭ | ১১ | - | ১৩ | ০৪ | ০৪ | ৯৬২৯৫৮১ | ৪৮১৪৭৯ | ১৯২৫৯১৬ |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৬ | ০৬ | ০৬ | ১২১৪৭৪৩৩ | - | - |
| উলিপুর পৌরসভা | ০২ | ০২ | - | ০২ | ০২ | - | ১৫৫২১৬০০ | ৭৭৬০৮০ | - |
| চিলমারী | ০৫ | ০৫ | - | ০৫ | - | - | ১৮৪৬৮১০৯ | ৯২৩৪০৫ | ৩৬৯৩৩৬২১ |
| রৌমারী | ১৭ | ১৩ | - | ১৪ | ০৩ | ০৩ | ৩২৮৬৮৬৫১ | - | - |
| চর রাজিবপুর | ০৭ | ০৪ | - | ০৪ | ০৩ | ০৩ | ১০৪২২০০০ | ৫২১১০০ | ২০৮৪৪০০ |
| মোট= | ১৬৭ | ১৩৮ | | ১৩৬ | ২৯ | ২৯ | ২৯৮৫১৩৭১৯ | ১৩৭৭৮২৪১১ | ৫০৯১৮৫৬০ |

## ১১। জলমহাল সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত পরিসংখ্যান অনুযায়ী এ জেলায় মোট জলমহাল ১১২ টি। ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৩০টি। বন্দোবস্তকৃত জলমহালের সংখ্যা ১৫ টি,ইজারা কার্যক্রম চলমান ০৭ টি,নদীগর্ভে বিলীন ০২ টি এবং ০৬ টিতে মামলা চলমান। জেলায় ২০ (বিশ) একরের নিম্নে মোট জলমহালের সংখ্যা ৮২টি। বন্দোবস্তকৃত জলমহালের সংখ্যা ৭৫ টি এবং ০৭ টিতে মামলা চলমান। ইজারা প্রদানকৃত ১০ টি জলমহাল হতে ১৪২৭ বাংলা সনের প্রাপ্ত আয় =১,৩০,৬৫৯/-টাকা। গোড়কমন্ডল সরোবর (বদ্ধ),ফুলবাড়ী জলমহালটির খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থসরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী অইজারাকৃত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। | ১। স্থানীয় আদালতে যে সকল জলমহাল নিয়ে মামলাবিচারাধীন আছে সেসব মামলার বিষয়ে বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে যোগাযোগ করত: দায়েরকৃত মামলাসমূহে রাষ্ট্রপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। জলমহাল ব্যবস্থপনার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন,বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করতে হবে যাতে স্বার্থান্বেষী গোষ্ঠি জলমহাল নিয়ে অহেতুক মামলা মোকদ্দমা সৃজন করতে না পারে।<br>২। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী জলমহাল ইজারা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। জনস্বার্থ বিবেচনায় ইজারা হওয়ার পূর্ব পযন্ত বিধি মোতাবেক খাস কালেকশন অব্যাহত রাখতে হবে এবং খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (আরএম) কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম / রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## ১২। এল এ কেস সংক্রান্ত: জানুয়ারি ২০২৩

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>ভূমি অধিগ্রহণ শাখা, কুড়িগ্রাম হতে প্রাপ্ত তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th colspan="2">মোট এলএ কেসের সংখ্যা</th><th colspan="2">গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা</th><th colspan="2">নামজারীর সংখ্যা</th><th colspan="2">বাতিলকৃত এল,এ কেসের সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮□</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td><td>১৯৪৮</td><td>১৯৮২</td></tr>
<tr><td>৩৮৪</td><td>৩৩২</td><td>১৭৯</td><td>২৯০</td><td>১৩৬</td><td>২৭২</td><td>৬</td><td>৩</td></tr>
</table>
১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় এবং ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় এলএ কেসসমূহের গেজেট দ্রুত প্রকাশনার ব্যবস্থা গ্রহণসহ এল,এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারি সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেয়া হয়। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল, এ কেসের নম্বর লিখার জন্য এবং এল,এ কেসের রেজিষ্টার হালনাগাদ করার জন্যও নির্দেশনা প্রদান করা হয়। পেন্ডিং এল,এ কেসসমূহ প্রচলিত বিধি মোতাবেক নিষ্পত্তির বিষয়ে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে ১৯৪৮ সালের আইন এবং ১৯৮২ সালের অধ্যাদেশের আওতায় এল এ কেসের গেজেট প্রকাশনার ব্যবস্থা ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে সম্পন্ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হলো। তাছাড়া জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। সভায় ভূমি ব্যবস্থাপনায় অটোমেশন কার্যক্রমের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য আপলোডকরণের অগ্রগতি বিষয়ে আলোচনা করাহয়।</td>
<td>১। ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইন এবং ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশের আওতায় জেলার সকল এল এ কেসের গেজেট প্রকাশের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল, এ কেসের নম্বর লিখতে হবে এবং এল,এ কেসের রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে।<br>৩। ১৯৪৮ সালের জরুরী হুকুম দখল আইনের আওতায় সৃজিত কেসগুলির মধ্যে অনিস্পত্তি কেসগুলি (প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের অভাবে) নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>৫। ভূমি ব্যবস্থাপনা অটোমেশনের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td>
<td>(১-২)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>(২-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা,কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫।ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।</td></tr>
</table>

**১৩। সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা:জানুয়ারি ২০২৩**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় দেওয়ানি (মূল) ও দেওয়ানী (আপীল) মামলা দায়ের ও নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জানুয়ারি/২০২৩ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১৩৪৮ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ১৩৪৮ টি, আপিল মামলা ১২১ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮৩৫ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮৩৫ টি এবং আপিল ০৮ টি। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারের বিপক্ষে রায়ের ক্ষেত্রে দ্রুত সর্বোচ্চ আদালত পর্যন্ত আপিল/ রিভিশন/লিভ টু আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার ধার্য তারিখ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারি স্বার্থানুকূল সাক্ষ্য প্রদান নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়। | ১। সরকারের পক্ষে রায় হওয়া মামলাভূক্ত সম্পত্তি সরকারের দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারের বিপক্ষে রায়ের ক্ষেত্রে দ্রুত সর্বোচ্চ আদালত পর্যন্ত আপিল/ রিভিশন/লিভ টু আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। মামলার তালিকা আর এম শাখা হতে সংগ্রহপূর্বক পেন্ডিং এস এফ এর জবাব জরুরি প্রেরণ নিশ্চিৎ করতে হবে।<br>৪। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে।<br>৫। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার ধার্য তারিখ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারি স্বার্থানুকূল সাক্ষ্য প্রদান নিশ্চিত করতে হবে। | (১-২)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম ।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (আরএম) শাখা / ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৪। বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৫। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৬। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম। |

**১৪। রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : জানুয়ারি ২০২৩**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত রেন্ট সার্টিফিকেট মামলার তথ্য পর্যালোচনায় দেখা যায় জানুয়ারি ২০২৩ মাসে কুড়িগ্রাম সদর উপজেলায় ০৬ টি,নাগেশ্বরী ০১ টি,রাজারহাট ০২ টি এবং রৌমারী উপজেলায় ০৪ টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং আদায়কৃত টাকার পরিমাণ =৯৯৩৯৩/- টাকা। জানুয়ারি/২০২৩ মাসে অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ৮২ টি, বিপরীতে দাবির পরিমাণ = =৭,১৬,৫৪০/- টাকা। জানুয়ারি/২০২৩ মাসে কোন উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরও নিষ্পত্তি না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। বকেয়া পাওনা আদায়ের স্বার্থে অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ভূমি উন্নয়ন কর আদায় ত্বরান্বিত করতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। নিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার আদায় প্রতিবেদন সঠিক করার জন্য সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হল। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বরত/পরিদর্শনকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো। | ১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে আইনানুগ পদ্ধতি অনুসরণপূর্বক অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কোন হোল্ডিং তামাদি হওয়ার আগেই সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>২। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>৩। যে সকল ভূমি মালিকগণ দীর্ঘদিন যাবৎ ভূমি উন্নয়ন কর পরিশোধ করেননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং মামলা নিষ্পত্তির লক্ষ্যে ভূমি মালিককে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে।<br>৪। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ হালনাগাদ করা আছে কিনা তা যাচাই করতে হবে।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৪-৫)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: জানুয়ারি, ২০২৩ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ (৩+৪) নং কলামের দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায় কৃত টাকার পরিমাণ | জুলাই/২২ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ৪০ | ০০ | ০০ | ৪০ | ৪১৯৯২২ | ০৬ | ৩২২৮৭ | ৭২২৪১ | ৩৪ | ৩৮৭৬৩৫ |
| নাগেশ্বরী | ০৮ | ০০ | ০০ | ০৮ | ১০৫১৭১ | ০১ | ১৭৯৩৪ | ৩০১২১ | ০৭ | ৮৭২৩৭ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০২ | ০০ | ০০ | ০২ | ৮২৯৭ | ০২ | ৮২৯৭ | ২০৮০৯ | ০০ | ০০ |
| উলিপুর | ৩৮ | ০০ | ০০ | ৩৮ | ১৭১১১৫ | ০০ | ০০ | ৫২৬৪২ | ৩৮ | ১৭১১১৫ |
| চিলমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ৫৬০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০৪ | ০০ | ০০ | ০৪ | ৪০৮৭৫ | ০৪ | ৪০৮৭৫ | ৪০৮৭৫ | ০০ | ০০ |
| চর রাজিবপুর | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৭০৫৫৩ | ০০ | ০০ | ০০ | ০৩ | ৭০৫৫৩ |
| সর্বমোট= | ৯৫ | ০০ | ০০ | ৯৫ | ৮১৫৯৩৩ | ১৩ | ৯৯৩৯৩ | ২২২২৮৮ | ৮২ | ৭১৬৫৪০ |

## ১৫। জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: জানুয়ারি, ২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় তুলে ধরা হয়। জেনারেল সার্টিফিকেট মামলার পরিসংখ্যানে দেখা যায় যে, জানুয়ারি/২০২৩ মাস পর্যন্ত মোট অনিষ্পন্ন মোকদ্দমার সংখ্যা ২২৪৩ টি, দাবি =১৩,৮৯,৬২,৭৬৭/০০ টাকা। জানুয়ারি/২০২৩ মাসে জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ ০৮ টি,কুড়িগ্রাম সদর ০১ টি,নাগেশ্বরী ০৩ টি,ভূরুঙ্গামারী ৬৭ টি,ফুলবাড়ী ১৬ টি, রাজারহাট ০২ টি,উলিপুর ১৭ টি,চিলমারী ০৫ টি এবং রৌমারী ০১ টি সহ মোট ১১৯ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। এজন্য জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রামসহ সংশ্লিষ্ট (সকল) কে ধন্যবাদ জ্ঞাপন করা হলো। পেন্ডিং মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয়। মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়োজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করা হলো। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত বিশেষ উদ্যোগ অনুসারে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। | ১। সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা বিবেচনায় নিয়ে প্রমাপ অনুযায়ী নিষ্পত্তি ও তা নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক তথ্য প্রেরণ করতে হবে।<br>২। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ব্যাংক/অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ পাওনাদার,খাতক ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ষান্মাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করত: মামলাসমূহ নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>৪। জেনারেল সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর তৎপর হতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

## জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: জানুয়ারি, ২০২৩

| ক্র: নং | উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনাঃ সার্টিঃ কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম | ১০ | ১০২৭৫৪০/- | ১৩১ | ২২৩১১৬৭০/০০ | ০৮ | ৫৭৫৪৮৬/- | ১২৩ | ২১৭৩৬১৮৪/০০ |
| ২ | কুড়িগ্রাম সদর | - | - | ৪০৮ | ৩৩২৫৩৩৭৩/০০ | ০১ | ১১৩৯৯৪/- | ৪০৭ | ৩৩১৩৯৩৭৯/০০ |
| ৩ | নাগেশ্বরী | - | - | ৩৫৭ | ১৭২৪৭৯৫৫/০০ | ০৩ | ২০৪৮৫৮/- | ৩৫৪ | ১৭০৪৩০৯৭/০০ |
| ৪ | ভূরুঙ্গামারী | - | - | ৪৬৯ | ২৪১৫৬৪৫৮/০০ | ৬৭ | ২১৭১২২৪/- | ৪০২ | ২১৯৮৫২৩৪/০০ |
| ৫ | ফুলবাড়ী | - | - | ১২৬ | ৯৪৩৪৫৪৯/০০ | ১৬ | ১০০০৯৬৯/- | ১১০ | ৮৪৩৩৫৮০/০০ |
| ৬ | রাজারহাট | - | - | ১০৪ | ৫৬০৩৬৮৩/০০ | ০২ | ২৬৩৮৯/- | ১০২ | ৫৫৭৭২৯৪/০০ |
| ৭ | উলিপুর | ১১ | ৪৪১৮৯৯/- | ২৯৬ | ১৬৩২৩৮৩৭/০০ | ১৭ | ৪৪১৮৯৯/- | ২৭৯ | ১৫৮৮১৯৩৮/০০ |
| ৮ | চিলমারী | - | - | ৩৬৭ | ৬৬১১৭৮৪/০০ | ০৫ | ১৪০৮২৭/ | ৩৬২ | ৬৪৭০৯৫৭/- |
| ৯ | রৌমারী | - | - | ৬৯ | ৭৪৩০৪২৯/৫০ | ০১ | ২০০৫০/- | ৬৯ | ৭৪৩০৪২৯/৫০ |
| ১০ | চর রাজিবপুর | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ | - | - | ৩৫ | ১২৬৪৬৭৫/০০ |
| | সর্বমোট | ২১ | ১৪৬৯৪৩৯/- | ২৩৬২ | ১৪৩৬৩৮৪১৩/০০ | ১১৯ | ৪৬৭৫৬৪৬/- | ২২৪৩ | ১৩৮৯৬২৭৬৭/০০ |

## ১৬। মিস মোকদ্দমা সংক্রান্ত: জানুয়ারি,২০২৩

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম এর নিকট হতে মিস কেস নিষ্পত্তি সংক্রান্ত প্রাপ্ত তথ্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। কুড়িগ্রাম সদর,ভূরুঙ্গামারী, রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় মিস কেস নিষ্পত্তির হার কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সে প্রেক্ষিতে সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার(ভূমি)গণকে নির্দেশনা প্রদান ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হলো। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা দেয় হয়। বিলুপ্ত ঘোষিত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা,দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশ প্রদান করা হয়। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>২। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভূত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। বিলুপ্ত 'খ' তফসিলভুক্ত যে সম্পত্তির কোন দাবিদার নেই অথবা কোন মিসকেস দায়ের হয়নি উক্ত সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক খাসকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। বিলুপ্ত 'খ' তালিকাভুক্ত সম্পত্তির সঠিকভাবে রেকর্ড সংশোধনের আদেশ দেয়া হয় কি না তা উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দৈবচয়নের ভিত্তিতে ২/১ টি নথি যাচাই/পরীক্ষা করতে হবে।<br>৫। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: জানুয়ারি,২০২৩

| ক্র: নং | উপজেলার নাম | পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | জানুয়ারি/২০২৩ মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | জানুয়ারি/২০২৩ মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | জানুয়ারি/২০২৩ মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ১৯৭ | ০৫ | ২০২ | ২৩ | ৯৬ | ১৭৯ |
| ২ | নাগেশ্বরী | ২৭ | ০৫ | ৩২ | ০৩ | ০৮ | ২৯ |
| ৩ | ভূরুঙ্গামারী | ১৩১ | ০০ | ১৩১ | ০০ | ০১ | ১৩১ |
| ৪ | ফুলবাড়ী | ৫৭ | ০৬ | ৬৩ | ০৯ | ১৯ | ৫৪ |
| ৫ | রাজারহাট | ২৮ | ০৯ | ৩৭ | ০২ | ২৬ | ৩৫ |
| ৬ | উলিপুর | ৭৯ | ১২ | ৯১ | ৩৭ | ১০৯ | ৫৪ |
| ৭ | চিলমারী | ৪৮ | ০৩ | ৫১ | ০৬ | ৩৬ | ৪৫ |
| ৮ | রৌমারী | ১২৩ | ০৯ | ১৩২ | ০৭ | ৪১ | ১২৫ |
| ৯ | চর রাজিবপুর | ২১ | ০০ | ২১ | ০০ | ০১ | ২১ |
| | সর্বমোট= | ৭১১ | ৪৯ | ৭৬০ | ৮৭ | ৩৩৭ | ৬৭৩ |

১৭। রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: জানুয়ারি/২০২৩

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম এর আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর সভায় গুরুত্তারোপ করা হয়। বর্তমানে অনিষ্পন্ন মামলা সংখ্যা ০৭ টি। মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ এবং আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সকল উপজেলা ভূমি অফিসে অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানী অন্তে নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহ রাখতে সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৩। অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে সকল উপজেলা ভূমি অফিসে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানীঅন্তে নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম। |

রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: জানুয়ারি,২০২৩

| ক্রঃ নং | বিগত মাসের জের | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | পেন্ডিং মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম | ০৬ | ০২ | ০৮ | ০১ | ০৭ | - |

**১৮। অডিট সংক্রান্ত: জানুয়ারি, ২০২৩**

<table>
<tr><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>সভায় উপস্থাপিত প্রতিবেদন মতে এ জেলায় রাজস্ব প্রশাসনে জানুয়ারি ২০২৩ মাস পর্যন্ত অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৩০ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =২,১০,৭৩৮/-টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরুপ:-
<table>
<tr><th>উপজেলা</th><th>গত মাস পর্যন্ত আপত্তির সংখ্যা</th><th>চলতি মাসে প্রাপ্ত আপত্তি</th><th>চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তি</th><th>মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা</th><th>জড়িত টাকার পরিমাণ</th></tr>
<tr><td>কুড়িগ্রাম সদর</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>নাগেশ্বরী</td><td>০৩</td><td>০০</td><td>০০</td><td>০৩</td><td>১১৫০৭</td></tr>
<tr><td>ভূরুঙ্গামারী</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>ফুলবাড়ী</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>রাজারহাট</td><td>০২</td><td>০০</td><td>০০</td><td>০২</td><td>১৪৩১১৪</td></tr>
<tr><td>উলিপুর</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>১৭৩৯৬</td></tr>
<tr><td>চিলমারী</td><td>০৬</td><td>০০</td><td>০০</td><td>০৬</td><td>৪৮৩৫</td></tr>
<tr><td>রৌমারী</td><td>০৫</td><td>০০</td><td>০০</td><td>০৫</td><td>২০৭২৯</td></tr>
<tr><td>চর রাজিবপুর</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>০৭</td><td>১৩৬০৭</td></tr>
<tr><td>মোট=</td><td>৩০</td><td>০০</td><td>০০</td><td>৩০</td><td>২১০৭৩৮</td></tr>
</table>
অডিট আপত্তির বিষয়ে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় এ জেলায় জানুয়ারি ২০২৩ মাসে কোন উপজেলায় অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। হিসাব তত্ত্বাবধায়ক(রাজস্ব),ভূমি মন্ত্রণালয় কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ি ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।বিষয়টি সঠিকভাবে মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হল।</td>
<td>১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব প্রেরণ করতে হবে।<br>২। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সাথে অনলাইন যাচাই কপি বা প্রযোজ্য ক্ষেত্রে সিটিআর এর কপি প্রেরণ করতে হবে।<br>৩। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ী ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। পেন্ডিং আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষিয় ও ত্রি-পক্ষিয় সভা অনুষ্ঠানের পাশাপাশি উপজেলা মাসিক রাজস্ব সভায় গুরুত্বের সাথে আলোচনা করতে হবে।</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম।<br>(২-৩)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম।</td></tr>
</table>

**১৯। ইনোভেশন সংক্রান্ত: জানুয়ারি ২০২৩**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| জনগণের দোরগোড়ায় ই- সেবা নিশ্চিত করাসহ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিটি দপ্তরে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন এবং নেতৃত্ব প্রদানের জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই)প্রোগ্রাম কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮ তে বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনা, পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০, টেকসই উন্নয়ন অভীষ্ট এবং সরকারের অন্যান্য নীতিমালা ও কৌশলপত্র ইত্যাদির আলোকে জনগণের দোরগোড়ায় সহজলভ্য সেবা প্রদানের নিমিত্ত ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার অনুরোধ করা হয়। এ লক্ষ্যে রাজস্ব প্রশাসনের জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন করার জন্য এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হওয়ার জন্য অনুরোধ করা হলো।<br>উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে,দ্রুত সময়ে সেবাগ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপরে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সরকারি দপ্তরে এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>Time,Cost and Visit (TCV) কমানোর লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনায় সেবা পদ্ধতি সহজিকরণ,অন্য কোন উপজেলা ভূমি অফিসের উত্তম চর্চার অনুসরণ এবং নিজ দপ্তরের উদ্ভাবন সংক্রান্ত বিষয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরণ এং উদ্ভাবিত তথ্যাদি স্থানীয়ভাবে সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। জনগণের দোরগোড়ায় সহজলভ্য সেবা প্রদানের নিমিত্ত ইনোভেশন কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে রাজস্ব প্রশাসনের জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তাকে তাদের স্ব স্ব দপ্তরে ভূমি সেবা প্রাপ্তির বিষয়ে সচেতন হতে হবে এবং ভূমি সেবা বিষয়ে ইনোভেটিভ উদ্যোগ সম্পর্কে সক্রিয় হতে হবে।<br>২। রাজস্ব প্রশাসনের জেলা,উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারি দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ প্রেরণ করতে হবে।<br>৩। Time,Cost and Visit (TCV) কমানোর লক্ষ্যে প্রতিটি দপ্তরে নিজ অধিক্ষেত্রে উদ্ভাবনী চর্চার সহায়ক পরিবেশ তৈরি এবং উত্তমচর্চার অনুসরণ করতে হবে। | (১-৩)। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা। |

**২০। বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরীকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) ২০২২-২০২৩ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে সকল সংস্থার স্থানীয়/জেলা/আঞ্চলিক প্রধানকে ইউনিয়ন ভূমি অফিসভিত্তিক সংস্থার তফসিল উল্লেখ করে দাবির বিপরীতে পরিশোধের অতীব জরুরিভিত্তিতে পত্র দিয়ে অনুলিপি অত্রাফিসে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন উপজেলা হতে চাহিত তথ্য এ কার্যালয়ে না পাওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হলো। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে নিশ্চিত করতে অনুরোধ করা হয়।

(২) সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রনয়ণপূর্বক রেজিস্ট্রিকৃত দলিলে জমির অবমূল্যায়ন সংক্রান্ত অনিষ্পন্ন মামলাসমূহ মাসওয়ারি লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক দ্রুত নিষ্পত্তির জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

(৩) এন্ট্রিকৃত হোল্ডিং অনুমোদনে পিছিয়ে পড়া ইউনিয়ন ভূমি অফিসসমূহে বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণসহ সকল উপজেলা এন্ট্রিকৃত হোল্ডিং অনুমোদনের হার বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো এবং অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার(সকল),কুড়িগ্রামকে নিয়মিত মনিটরিং করতে অনুরোধ করা হয়।

(৪) দীর্ঘ মেয়াদে ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলে রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা দায়ের করে সময়ানুগ পদ্ধতি অনুসরণপূর্বক মামলা শেষ করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

(৫) ২০২২-২০২৩ অর্থবছরে পরিত্যক্ত সম্পত্তির দাবির শতভাগ আদায়ে সবোর্চ্চ তৎপরতা প্রদর্শন এবং দৃশ্যমান অগ্রগতি করার জন্য সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম ও নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ,কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় জোরদার করতে তাগিদ দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর,কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য তাদেরকে ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের অনুরোধ এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/৩/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২২ (অঃ)
ফ্যাক্সঃ ০২৫৮৯৯-৫০০২৩ (অঃ)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮. ৩৬৩ (৯০)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ৯৮,শহীদ তাজউদ্দীন আহমদ স্মরণি,তেজগাঁও শিল্প এলাকা,ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার,রংপুর বিভাগ,রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল,রংপুর।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
৭। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল), কুড়িগ্রাম।
৮। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা,জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৯। জেলা রেজিস্ট্রার,কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার (ভূমি)............................................(সকল), কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার .....................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১২। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
১৩। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৪। ..........................................................................................., কুড়িগ্রাম।
১৫। সহকারী সেটেলমেন্ট অফিসার.........................................(সকল),কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ সরকারি কৌসুলি,কুড়িগ্রাম।
১৭। বিজ্ঞ ভিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৮। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),ভূমি মন্ত্রণালয়,কুড়িগ্রাম।
১৯। অফিস কপি।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।